


## অভিভাবকহীন চার পাবলিক বিশ্ববিদ্যালয়

উপাচার্য পদে নিয়োগ পেতে জোর লবিং: এগিয়ে ঢাবি শিক্ষকরা

### যাযায়ি রিপোর্ট

উপাচার্যবিশীন দেশের চার পাবলিক বিশ্ববিদ্যালয়। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে উপাচার্য বদলের প্রস্তুতি চলছে শিক্ষা মন্ত্রণালয়ে। বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে- জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের চার বছরের মেয়াদ পূর্ণ মানেই পূর্ণ হয়েছে। নিয়োগ, পদোন্নতিসহ নানা অনিয়ম ও অপকর্মের কারণে পুরনোদের দ্বিতীয় দফায় উপাচার্য হিসেবে দায়িত্ব নিতে রাজি নয় সরকার। তাই উপাচার্য পদে নতুন মুখ নিয়োগ দেয়া হবে বলে জোর ওজন চলছে। জাতীয় বিশ্ববিদ্যালয়, জগন্নাথ ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ধারাবাহিকতায় একাধারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা উপাচার্য পদে আসতে পারেন বলে একটি সূত্র নিশ্চিত করেছে। জানা গেছে, উপাচার্য নিয়োগ নিয়ে উদ্বিগ্ন এখন তুসে। আগামী সপ্তাহে বিশ্ববিদ্যালয়গুলো তাদের অভিভাবক পাশ্বে এমনটাই আভাস দিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয় শাখার একাধিক কর্মকর্তা। তারা জানান, বিশ্ববিদ্যালয়গুলোর আইন অনুযায়ী চার বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের আচার্য রট্টপতি উপাচার্য পদে নিয়োগ দেন। উপাচার্য পদে নিয়োগদানে কয়েকটি নাম নিয়ে স্টিমিতাবনা চলছে। তবে কোনো কিছুই চূড়ান্ত হয়নি। জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য



অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহর মেয়াদ ২৩ ফেব্রুয়ারি শেষ হয়েছে। মেয়াদ শেষে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাধীন কর্মস্থল ইতিহাস বিভাগে ফিরে গেছেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদের মেয়াদ শেষ হয়েছে ২৪ ফেব্রুয়ারি। চার বছরে তার আমলে নানা অনিয়ম ও অপকর্মের অভিযোগ রয়েছে। সর্বশেষ মেয়াদপূর্তির আগের দিনও নিয়োগ ও

পদোন্নতি দিয়েছেন এই উপাচার্য। শিক্ষামন্ত্রীর বহু পরিচয় দেয়া অধ্যাপক ড. মেসবাহউদ্দিন দ্বিতীয় মেয়াদে উপাচার্য থাকতে চাইলেও সরকার তার কাজকর্মে মোটেই সন্তুষ্ট নয় বলে জানান সংশ্লিষ্টরা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. আরআইএম আমিনুর রশীদের মেয়াদ ২৪ জানুয়ারি শেষ হয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে তার বিভাগে ফিরে গেছেন। এক মাসেরও বেশি সময় ধরে বাউবি অভিভাবকহীন। এ অবস্থায় পাঠ্যবই ছাপানো যাচ্ছে না। এইচএসসি প্রোগ্রাম পেছানো হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুস সোবহানের মেয়াদ ২৪ ফেব্রুয়ারি শেষ হয়েছে।

বিশ্ববিদ্যালয়গুলোতে উপাচার্য হওয়ার পৌঁছে যাদের নাম পোনা যাচ্ছে তারা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক হারুন অর রশীদ ও ইসলামের ইতিহাস এবং সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আবতালক্বমান, ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এমএ মরান, লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. মাহবুবুর রহমান ও বাউবির বর্তমান কোষাধ্যক্ষ অধ্যাপক শান্তি নারায়ণ খোষা, রসায়ন বিভাগের অধ্যাপক আবদুল মালেক, খাদ্য ও পুষ্টিবিজ্ঞান ইনস্টিটিউটের শিক্ষক অধ্যাপক ড. নাজমা শাহীন।